

নগর সংবাদ

এলজিইডির আওতাধীন
নগর ব্যবস্থাপনা
ইউনিট (UMU)
এর একটি ত্রৈমাসিক প্রকাশনা

বর্ষ ৮ : সংখ্যা ২৯
জুলাই-সেপ্টেম্বর ২০১২

NAGAR SANGBAD
A QUARTERLY UMU
PUBLICATION OF
LGED

Vol. VIII No. 29
July-September 2012

ভেতরের পাতায়

- সম্পাদকীয়
- ভাষাগতক বস্তিবাসীদের নিরাপদ পানির চাহিদা পূরণ
- চাঁদপুর পৌরসভার প্রশিক্ষণ পূর্ণ ও রিসোর্স কর্নারের কার্যক্রম
- পৌর সড়ক বাতির আলোয় আলোকিত কল্যাণপুর বেলতলা বস্তি
- শ্রীলংকা সরকারের স্থানীয় সরকার ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্পের প্রতিনিধি দলের সংগে বাংলাদেশে বাস্তবায়িত দ্বিতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেটর) প্রকল্পের প্রতিনিধিদের অভিজ্ঞতা বিনিময়
- জাতিসংঘের সহকারী মহাসচিবের ইউপিপিআরপি কার্যক্রম পরিদর্শন
- চাঁদপুর পৌর মেয়রের ব্যতিক্রমধর্মী উদ্যোগ
- দ্বিতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেটর) প্রকল্পের আন্তঃমন্ত্রণালয় স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত
- গাদৌ পৌরসভায় কর, ট্রেড লাইসেন্স এবং হিসাব শাখার কম্পিউটারাইজেশন কার্যক্রম উদ্বোধন
- ইউজিআইআইপি-২ এর তৃতীয় ধাপের কার্যক্রম শুরু
- কুমিল্লায় মাস্টার প্র্যান্স প্রণয়ন কাজের সীমানা হ্রাসকরণ মতবিনিময় সভা অনুষ্ঠিত
- ইউপিপিআরপি ও বিজিএমইএর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর
- মিউনিসিপ্যাল পারফরমেন্স রিভিউ কমিটির সভা অনুষ্ঠিত
- পৌরসভাকে স্বচ্ছ ও জবাবদিহিমূলক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে স্থানীয় সরকার বিভাগ সচিবের আহ্বান

নগর সংবাদ

www.lged.gov.bd



গত ১ থেকে ৬ সেপ্টেম্বর ২০১২ তারিখে ইতালীর ন্যাপলসে অনুষ্ঠিত ওয়ার্ল্ড আরবান ফোরামে 'বাংলাদেশের নগরায়ণ গতিধারা এবং প্রতিবন্ধকতা- সাম্প্রতিক নীতি সংস্কার এবং কর্মসূচীর অভিজ্ঞতা' তুলে ধরেন এলজিইডির প্রধান প্রকৌশলী, জনাব মোঃ ওয়াহিদুর রহমান। অধিবেশনের সভাপতিত্ব করেন, স্থানীয় সরকার বিভাগের সচিব, জনাব আবু আলম মোঃ শহিদ খান। এসময়ে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রফেসর নজরুল ইসলাম, চেয়ারম্যান, সেন্টার ফর আরবান স্টাডিজ।

ইতালীতে অনুষ্ঠিত ওয়ার্ল্ড আরবান ফোরামে বাংলাদেশ প্রতিনিধি দলের যোগদান

গত ১ থেকে ৬ সেপ্টেম্বর ২০১২ তারিখে ইতালীর ন্যাপলসে অনুষ্ঠিত ওয়ার্ল্ড আরবান ফোরামে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গৃহায়ণ ও গণপূর্ত প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার বিভাগের সচিব এবং এলজিইডির প্রধান প্রকৌশলীসহ ৪৫ সদস্যের এক প্রতিনিধিদল অংশগ্রহণ করেন। এ প্রতিনিধি দলের নেতৃত্ব দেন গৃহায়ণ ও গণপূর্ত প্রতিমন্ত্রী এ্যাডভোকেট আব্দুল মান্নান খান, এমপি। এছাড়াও মেয়র, সরকারের উর্ধ্বতন কর্মকর্তা এবং বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

স্থানীয় সরকার বিভাগের সচিব, জনাব আবু আলম মোঃ শহিদ খান, প্রধান প্রকৌশলী, এলজিইডি জনাব মোঃ ওয়াহিদুর রহমান, প্রফেসর নজরুল ইসলাম, চেয়ারম্যান, সেন্টার ফর আরবান স্টাডিজ, প্রকল্প পরিচালক, ইউজিআইআইপি-২, জনাব মোঃ শফিকুল ইসলাম আকন্দ, প্রকল্প পরিচালক, ইউপিপিআরপি, জনাব মোঃ আব্দুর রশীদ খান এবং মিউনিসিপ্যাল এসোসিয়েশন অব বাংলাদেশের সভাপতি, এ্যাডভোকেট

আজমত উল্লাহ খান প্রতিনিধি দলে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

জিআইজেড আয়োজিত জয়েন্ট নেটওয়ার্কিং অধিবেশনে বাংলাদেশ আরবান ফোরামকে তুলে ধরেন স্থানীয় সরকার বিভাগের সচিব, জনাব আবু আলম মোঃ শহিদ খান। জামানী ও প্যালেস্টাইন ডিন্স ডিন্স ভাবে তাদের ন্যাশনাল ডিশন ফোরামের মূল কর্মসূচীতে উপস্থাপন করেন। সেমিনারে বক্তব্য রাখেন 'স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব আবু আলম মোঃ শহিদ খান এবং প্যালেস্টাইনের স্থানীয় সরকার বিভাগের মাননীয় উপমন্ত্রী জনাব ড. খালেদ কৌসমী।

ওয়ার্ল্ড আরবান ফোরামে 'বাংলাদেশের নগরায়ণ গতিধারা এবং প্রতিবন্ধকতা- সাম্প্রতিক নীতি সংস্কার এবং কর্মসূচীর অভিজ্ঞতা' তুলে ধরেন এলজিইডির প্রধান প্রকৌশলী জনাব মোঃ ওয়াহিদুর রহমান। অধিবেশনের সভাপতিত্ব করেন স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব আবু আলম মোঃ শহিদ খান।

এডিবি আয়োজিত একটি নেটওয়ার্কিং সেশনে নারীকে মূলধারার কর্মকাণ্ডে অন্তর্ভুক্ত করার বিষয় উপস্থাপন করেন ইউজিআইআইপি-২ এর প্রকল্প পরিচালক, জনাব মোঃ শফিকুল ইসলাম আকন্দ। এই সেশনে ভিয়েতনাম ও নেপালের দুটি ডিন্স প্রকল্পের অভিজ্ঞতাও তুলে ধরা হয়। কর্মসূচীতে সভাপতিত্ব করেন, শিরিন লতিফ, সিনিয়র জেভার এ্যাডভাইজার, এডিবি ম্যানিলা দপ্তর। তিনি বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পে মূল ধারার নারীর অংশগ্রহণ প্রবর্তন করায় এলজিইডির ভূমিকার কথা উল্লেখ করে এ ব্যাপারে প্রধান প্রকৌশলী জনাব মোঃ ওয়াহিদুর রহমানের অবদানের ভূয়সী প্রশংসা করেন। জনাব আবু আলম মোঃ শহিদ খান এই অধিবেশনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন। তিনি সরকারের সকল উন্নয়ন কর্মকাণ্ডে জেভার ইস্যুকে প্রাধান্য দেয়ার বিষয়ে বাংলাদেশ সরকারের দৃঢ় অবস্থানের কথা সভায় উল্লেখ করেন। উল্লেখ্য ১০০ সদস্যস্ট্রট্ট এই ওয়ার্ল্ড আরবান ফোরামে যোগদান করে। ■